

PM to deliver keynote address at India Ideas Summit on 22 July July 21, 2020

22 জুলাই মাননীয় প্রধানমন্ত্রী ইন্ডিয়া আইডিয়া শীর্ষ সম্মেলনে মুখ্য ভাষণ
দেবেন

জুলাই 22,2020

22 জুলাই মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইন্ডিয়া আইডিয়াস সামিটের উদ্দেশ্যে মুখ্য ভাষণ
দেবেন।

এই শীর্ষ সম্মেলনের আয়োজক যুক্তরাষ্ট্র-ভারত বাণিজ্য পরিষদ। এই বছর হচ্ছে পরিষদ প্রতিষ্ঠার 45
বছর পূর্তি। এই বছর ইন্ডিয়া আইডিয়াস সামিটের বিষয়বস্তু হচ্ছে ‘আরো ভাল ভবিষ্যত গঠন
করা’।

এই ভারুয়াল শিখর সম্মেলনে ভারতীয় এবং যুক্তরাষ্ট্রের উচ্চস্তরের নীতি প্রণয়নকারীরা উপস্থিত
থাকবেন, উপস্থিত থাকবেন রাষ্ট্রীয়স্তরের আধিকারিকগণ, এবং থাকবেন বাণিজ্য ও সমাজ থেকে
আসা শীর্ষস্থানীয় চিন্তাবিদরা। সামিটের অন্যান্য প্রধান বক্তারা হলেন মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস
জয়শঙ্কর, যুক্তরাষ্ট্রের রাষ্ট্র সচিব মিস্টার মাইক পম্পেও, ভার্জিনিয়ার সিনেটর এবং সিনেট ইন্ডিয়া
কংগ্রেসের যুগ্ম সভাপতি মিস্টার মার্ক ওয়ার্নার, ইউনাইটেড নেশনে যুক্তরাষ্ট্রের প্রাক্তন রাষ্ট্রদূত মিস
নিকি হ্যালি, এবং অন্যান্য। ভারত- মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সহযোগিতা এবং অতিমারি পরবর্তী
বিশ্বে দুই দেশের ভবিষ্যত সম্পর্ক বিষয়ে সামিটে আলোচনা হবে।

নিউ দিল্লি

জুলাই 21,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's
website and may be referred to as the official press release.

